ঝিনাইদহে ২দিনব্যাপী তথ্য অধিকার মেলার উদ্বোধন

তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক’এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ২ দিন ব্যাপী তথ্য অধিকার মেলা শুরু হয়েছে।

জেলা প্রশাসন ও সনাকের আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা।

উদ্বোধন শেষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সচেতন নাগরিক কমিটির (সনাক) সভাপতি সায়েদুল আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর আলম, সনাকের সহ-সভাপতি সাংবাদিক এম সাইফুল মাবুদ ও সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল।

আলোচনা সভায় বক্তারা, তথ্যের অবাধ প্রবাহের নিশ্চিত করতে তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শন করা হয়। দুই দিন ব্যাপী এ তথ্য মেলায় সরকারি ও বেসরকারি ২৯ টি দপ্তরের স্টল রয়েছে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের

দুর্নীতির বিরুদ্ধে মানববন্ধন

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের দুর্নীতি,স্বেচ্ছাচারিতাও আত্মীয় করনের প্রতিবাদ ও অপসারণ চেয়ে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টার সময় সুশীল সমাজ ও এলাকাবাসীর ব্যানারে স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে এ মানববন্ধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল,উপজেলার সাবেক ছাত্রলীগ নেতা শেখ শাহিন, মসজিদের মুসল্লি ঠান্ডু রহমান, শফিক উদ্দিন,আব্দুর রশিদ। এ সময় মানববন্ধনে অংশ গ্রহন করেন স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসা রোগী সাধারণ। একাত্বতা ঘোষনা করেন,সমাজের বিভিন্ন মহলের মানুষ। ঘন্টাব্যাপী চলে এ মানববন্ধন।

মানববন্ধনে উপস্থিত বক্তারা বলেন,এ কর্মকর্তা এ স্বাস্থ্য কমপ্লেক্সে যোগদানের পর একের পর অনিয়ম ও দুর্নীতি করে চলেছেন। বিষয়টি প্রায় পত্রিকা ও অনলাইন পোটালে সংবাদ ও প্রকাশিত হয়েছে। এরপরও সংশ্লিষ্ট কর্মকর্তারা তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেওয়ায় তিনি বেপরোয়া হয়ে উঠেছেন।

এ কারনে তিনি আইন বহিরভুত ভাবে একের পর এক স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন জিনিস পত্র বিক্রি করে আসছেন। তারা বলেন,সম্প্রতি তিনি স্বাস্থ্য কমপ্লেক্সের অনেক দিনের জমে থাকা ভাংড়ি বিক্রি করেছেন। এরপর বিক্রি করেছেন গ্যারেজ ও ড্রাইভারের থাকার কোয়াটার। এবার বিক্রি করেছেন মসজিদের পুরাতন ভবন ও তার সরঞ্জামাদি। আর এ কারনে আজ এ মানববন্ধনে আমাদের দাড়ানো। আমরা ওই কর্মকর্তার সকল দুর্নীতি ও অনিয়মের প্রতববাদ জানাচ্ছি। সাথে সাথে ওই কর্মকর্তার অপসারনের দাবি জানাচ্ছি।

এ ব্যাপারে গনমাধ্যম কর্মী কামাল হাওলাদার বলেন, এ কর্মকর্তার দুর্নীতির কারনে এ স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। মানুষ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

তিনি বলেন,এ স্বাস্থ্য কমপ্লেক্সের কিছু ডাক্তার রোগীদের সঙ্গে প্রতিনিয়ত খারাপ আচারন করেন। রোগীদের কোন দিন গায়ে হাত দিয়েও দেখেন না। বিষয়টি কর্মকর্তার নিকট বললেও কোন ব্যবস্থা না নিয়ে বরং তিনার আশ্রয়,প্রশ্রয়ে আরো বেপরোয়া তারা।

জাসদের শামীম আক্তার বাবু বলেন,এ মসজিদ আমাদের সম্পতি। এখানে যারা চাকুরী করতে আসেন,ওনারা যেন নিজেদের সম্পত্তি মনে না করেন।তিনি বলেন,তিনি নিজের ইচ্ছে মত মসজিদের মালামাল সহ স্বাস্থ্য কমপ্লেক্সের আরো জিনিসপত্র বিভিন্ন সময়ে এ ভাবে আইন বহিভুত ভাবে বিক্রি করে আসছেন। আমরা এ মানববন্ধন থেকে এ দুর্নীতিবাজ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের অপাসারন দাবি করছি। সাথে সাথে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি,জেলা সিভিল সার্জন ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের মন্ত্রীর নিকট।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, এটার কোন ভিত্তি নাই। এটা আমার বিরুদ্ধে নিছক অপবাদ। আগে ওই সবের কোন কিছু বিক্রি করা হয়নি। ওইটা ছিল প্রস্তাবিত মূল্য। আগামীকাল জহরবাদ ওপেন নিলাম ডাক দেয়া হবে।

তবে তিনি গতকাল গণমাধ্যম কর্মীদের বলেন,যা করা হয়েছে মসজিদ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী করা হয়েছে।
এদিকে ওই কর্মকর্তার দুই ধরনের বক্তব্যে জনমনে প্রশ্ন দেখা দিয়েছে। তারা বলছেন,কোনটা সত্য আর কোনটা মিথ্যা।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

উন্নত পল্লী উন্নত দেশ, বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ, এ প্রতিপাদ্যে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা

প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিপি ঝিনাইদহের উপপরিচালক আরিফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা। এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিক করা হচ্ছে।

ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী বিজয়ী

গত ১১ সেপ্টেম্বর ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের পরাজয়ের রেশ কাটতে না কাটতেই জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীকে পরাজিত করে জেলা পরিষদে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন এম হারুনর রশীদ।

বেসরকারী ফলাফলে তিনি পেয়েছেন ৪৭৮ ভোট এবং তার নিকটতম প্রতিদ্বন্দী আওয়ামী লীগ মনোনিত সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস পেয়েছেন ৪৬৩ ভোট। জেলা পরিষদে মোট ৯৫৪ ভোটের

মধ্যে ৯৪১ ভোট পোল হয়েছে।

সোমবার (১৭ অক্টোবর) সকাল ৯টা থেকে কঠোর নিরাপত্তা, সুষ্ঠু ও শান্তিপূর্ণ উৎসবমূখর পরিবেশে বিকাল ২টা পযর্ন্ত জেলার ৬টি উপজেলায় ৬টি ভোট কেন্দ্রের মাধ্যমে এভোট গ্রহন অনুষ্ঠিত হয়। তবে ঝিনাইদহ সদর উপজেলা কেন্দ্রে ভোট গ্রহন বিলম্বিত হওয়ায় ফলাফল প্রকাশে বিলম্ব হয়েছে।

জেলা প্রশাসক মনিরা বেগম এবং পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান ভোট কেন্দ্র পরিদর্শন করেন।

ছাত্রলীগ নেতা আল ইমরানের মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ সমাবেশ

ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল- ইমরানের নামে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর ছাত্রলীগ।

রবিবার সকালে সরকারি কে এম এইচ ডিগ্রি কলেজে থেকে বিক্ষোভ মিছিল টি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। পরে কোটচাঁদপুর বাজারের পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। এরপর কেএমএইচ কলেজের সাবেক ছাত্র লীগের সভাপতি ওবাইদুল হকের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সঞ্চালনায় ছিলেন পৌর ছাত্র লীগের সাবেক সাধারণ সম্পাদক প্রদীপ কুমার হালদার।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক গণশিক্ষা বিষয়ক সম্পাদক রাব্বি হাসান, পৌর ছাত্রলীগ নেতা রুবায়েত ইসলাম রাহুল, কলেজ ছাত্রলীগ নেতা শাফিন আহমেদ, মানিক, নয়ন,ইমদাদুল হক,জীম, ইশান প্রমুখ।

এ সময় বক্তারা জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক আল ইমরানের অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার ও নিঃশ্বর্ত মুক্তির দাবি জানান।

“লাঠির জবাব লাঠি দিয়ে দেওয়া হবে” নিতাই রায় চৌধুরীর হুসিয়ারী

বিএনপি’র ভাইস চেয়ারম্যান নিতাই রায় চোধুরী বলেছেন, চলমান এ আন্দোলন জনগণের আন্দোলন। এই আন্দোলন এখন বিএনপির নয়। দেশের সকল নিস্পেসিত মানুষ এই আন্দোলনে সামিল হয়েছে। মানুষ জেগে উঠেছে।সরকারের পালানোর পথ বন্ধ হয়ে যাচ্ছে। তিনি হুসিয়ার উচ্চারণ করে বলেন, তারা লাঠি মারবে আর আমারা রজনীগন্ধা ছুড়ে মারবো এটা হতে পারে না। এখন থেকে লাঠির জবাব লাঠির মাধ্যমে দেওয়া হবে।

নিতাই রায় চৌধুরী রোববার ঝিনাইদহ শহরের একটি কমিউনিটি সেন্টারে জেলা বিএনপি’র নতুন কমিটির পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। তিনি আরো বলেন, হত্যা, রক্ত ঝরানো ও গনগ্রেফতার সকল ফ্যাসিবাদী শাসনের বৈশিষ্ঠ।

তারা ফ্যাসিস্ট এ সরকারের পতন চাই। তিনি বলেন, এই নির্বাচন কমিশন তাদের আজ্ঞাবহ। এই কমিশনের অধীনে কোন নির্বাচনে বিএনপি যাবে না। পার্লামেন্ট ভেঙ্গে তত্ত¡◌াবোধায়ক সরকারের অধীনে নির্বাচন দিতে হবে। এ লড়াই চরম লড়াই এর মাধ্যমে সরকারের পতন হবেই। রাজপথই আমাদের ফয়সালার জায়গা বলে তিনি উল্লেখ করেন।

জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদের সভাপতিত্বে অনুষ্ঠানে দলের জেলা সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, সাংগঠনিক সম্পাদক সাজেদুজ্জামান পপ্পুসহ অন্যান্য নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

শৈলকুপায় মা কালী মূর্তি ভাংচুর গ্রেফতার ৩

ঝিনাইদহের শৈলকুপায় মা কালী মূর্তি ভাংচুর মামলায় ৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। উপজেলার বিভিন্ন এলাকা তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা সম্পর্কে চাচাতো ভাই। তবে এখনও পলাতক রয়েছে প্রধান পরিকল্পনাকারী ও ইন্ধনদাতা শৈলকুপা উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি দিনার বিশ্বাস। তার ইন্ধনে গ্রেফতারকৃতরা কালীমূর্তি ভাংচুর করা হয় বলে পুলিশী তদন্তে উঠে এসেছে।

রোববার দুপুরে এক প্রেস ব্রিফিংয়ে ঝিনাইদহ পুলিশ সুপার আশিকুর রহমান গনমাধ্যমকর্মীদের এ তথ্য জানান। তিনি বলেন, গত ৬ অক্টোবর রাতে শৈলকুপা উপজেলার ডাউটিয়া গ্রামে শতবছরের পুরোনো কালীমন্দিরের মূর্তি ভাংচুর করা হয়।

এ ঘটনায় পরদিন মন্দির কমিটির সভাপতি সুকুমার মন্ডল বাদী হয়ে শৈলকুপা থানায় একটি মামলা দায়ের করেন। মামলার পর জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট গত ১২ অক্টোবর শৈলকুপার উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের কুশাবাড়ীয়া গ্রাম থেকে এস এম আরব আলীর ছেলে সাবেক ছাত্রলীগ কর্মী আসাদুজ্জামান হিরোকে গ্রেফতার করে। তার স্বীকারোক্তি মোতাবেক চাচাতো ভাই একই গ্রামের আমজাদ হোসেনের ছেলে ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি সাজ্জাদ ও পাঞ্জাবী আলী খানের ছেলে তুষারকে গ্রেফতার করে পুলিশ।

জেলা পুলিশেরে প্রেস ব্রিফিংয়ে বলা হয়, গত ৬ অক্টোবর শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহবায়ক ও ধলহরাচন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমানের ছেলে উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি দিনার বিশ্বাস ও জিনারুল গড়াই নদীতে নৌকায় ১৫/১৬ জন যুবতী মেয়ে নিয়ে অশ্লীল নাচ ও জুয়া খেলার আয়োজন করে। খবর পেয়ে পুলিশ সেখান থেকে জুয়া খেলার সরঞ্জাম, সাউন্ডবক্সসহ ২ টি ট্রলার জব্দ করে।

এ ঘটনায় ক্ষুদ্ধ হয় শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহবায়ক

ধলহরাচন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমানের ছেলে উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি দিনার বিশ্বাস। পুলিশকে বিতর্কিত ও শায়েস্তা করতে কালীমূর্তি ভাংচুরের পরিকল্পনা করে সে। যা বাস্তবায়ন করে গ্রেফতারকৃত ৩ জন। তবে এখনও পলাতক রয়েছে প্রধান পরিকল্পনাকারী দিনার বিশ্বাস।

ঝিনাইদহে জেলা পরিষদ নির্বাচন নিয়ে সদর আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

আসন্ন ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর বিরুদ্ধে আচরণ বিধি লঙ্ঘনসহ নানা অনিয়মের অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছে ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগ।

শনিবার (১৫ অক্টোবর) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আওয়ামী মনোনীত চশমা প্রতিকের প্রার্থী কনক কান্তি দাসের পক্ষে এ সংবাদ সম্মেলন করেন।

সম্মেলনে লিখিত বক্তব্যে ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হীরন স্বতন্ত্র প্রার্থীর বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ তুলে ধরেন। তিনি অভিযোগ করেন, স্বতন্ত্র প্রার্থী এম হারুন অর রশীদ ভোটারদের টাকা দিয়ে প্রভাবিত করার চেষ্টা করছে। বিভিন্ন মোবাইল ফোনে বিকাশ নগদ এর মাধ্যমে ভোটারদের এসব টাকা প্রদান করা হচ্ছে। তাছাড়া টাকা দিয়ে পবিত্র কোরআন শরিফ ছুয়ে শপথ করানো হচ্ছে বলেও অভিযোগ করেন। টাকা দেওয়ার বেশ কিছু প্রমানসহ নির্বাচন কমিশনকে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে বলেও তিনি জানান।

তিনি আরও বলেন স্বতন্ত্র প্রার্থীর পরিচালিত এনজিও সৃজনী ফাউন্ডেশনের মাধ্যমে ভোটারদের টাকা দেওয়ার অভিযোগ আছে। এজন্য সুষ্ঠু নির্বাচনের স্বার্থে ভোটের সময় এনজিও বন্ধ রাখাসহ নির্বাচনের সাথে জড়িত সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের

জোর দাবি জানান। এছাড়া অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য সাংবাদিকসহ সকল মহলের সহযোগিতা কামনা করেন।

এসময় আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য জে এম রশিদুল আলম, ঝিনাইদহ পৌরসভার ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি তোবারক হোসেন টোনা জোয়ার্দ্দার সহ অন্যান্য নেতৃবৃন্দ।

উল্লেখ্য, আগামী ১৭ অক্টোবর ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনের ভোট গ্রহণের কথা রয়েছে। নির্বাচনে ২ জন চেয়ারম্যান প্রার্থী ও সংরক্ষি নারী আসনসহ ৩৫জন সদস্য প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত ১

ঝিনাইদহের শৈলমারী নামক স্থানে সড়ক দুর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহীর মৃত্যু হয়েছে।

শনিবার (১৫ অক্টোবর) সকাল ১১টার দিকে এ ঘটনা ঘটে। মৃত শ্রী শংকর উপজেলার ধোপাবিলা গ্রামের বাসিন্দা ।

এলাকাবাসী সূত্রে জানা যায়, সকালে ধোপাবিলা গ্রামের বাড়ি থেকে মোটরসাইকেলযোগে শৈলমারী বাজারে যাচ্ছিল শ্রী শংকর। পথিমধ্যে বাজারের কাছে এসে নিয়ন্ত্রণ হারিয়ে সামনের দিক থেকে আসা একটি গরুর গাড়ির চাকার নিচে চাপা পড়ে। সে সময় তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের সাব-স্টেশন অফিসার আব্দুর রউফ মোল্লা জানান, আমরা খবর পেয়ে ভিকটিমকে উদ্ধার করি । মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গরুর গাড়ির নিচে চলে যায় শংকরের। পরে সদর হাসপাতালে আনা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন ।

এক মাসেও মেরামত হয়নি ঝিনাইদহ আর কোটচাঁদপুরের সংযোগ সাঁকো

এক মাসেও মেরামত হয়নি ঝিনাইদহের সুতি দূর্গাপুর আর কোটচাঁদপুরের তালসার গ্রামের সংযোগ সাঁকোটি। এতে করে ভেঙ্গে পড়েছে তিন গ্রামের মানুষের যোগাযোগ ব্যবস্থা। লেখা-পড়া বন্ধ হবার উপক্রম হয়েছে ৪০ শিক্ষার্থী। সাঁকো মেরামত সহ সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের নিকট স্থায়ী সমাধান চেয়েছেন ভুক্তভোগীরা।

সুতী গ্রামের মফিজ উদ্দিন ও মানিক মিয়া বলেন,২০০৭ সালে তিন গ্রামের মানুষের স্বেচ্ছা শ্রম ও আর্থিক সহায়তায় সাকোটি নির্মান করা হয়। এতে করে পাশের উপজেলা কোটচাঁদপুরের সঙ্গে আমাদের যোগাযোগ ব্যবস্থা সহ সব ধরনের সুযোগ সুবিধা প্রতিষ্টিত হয়।

বিশেষ করে তালসার গ্রামের সঙ্গে সংযোগ হওয়ায় আমরা অনেক উপকৃত হয়েছিলাম। ওই গ্রামে রয়েছে তিনটি শিক্ষা প্রতিষ্ঠান,একটি বাজার। ওই সব প্রতিষ্টানে আমাদের ছেলে মেয়েরা লেখা-পড়া করতে যেত।

তারা বলেন, এ পারের প্রায় ৪০ জন ছাত্র ছাত্রী ওই সব প্রতিষ্টানে যেতেন। আর এ পারের মানুষ প্রতিনিয়ত তাদের প্রয়োজন মেটাতে তালসার বাজার যান। এ ছাড়া সাঁকোটি দিয়ে পার হত গোপালপুর,হাজি ডাঙ্গা,মধুহাটি সহ বেশ কয়েকটি গ্রামের মানুষ। সাঁকোটি ভেঙ্গে যাওয়ায় এখন বিপাকে সবাই। তারা দ্রুত সাকোটি মেরামত চান। এছাড়া এ সমস্যার দীর্ঘ মেয়াদি সমাধানেরও দাবী করেছেন সংশ্লিষ্টদের নিকট।

তালসার জিটি কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রী রিংকি খাতুন ও পপি বিশ্বাস বলেন,আগে আমরা সাঁকো পার হয়ে পায়ে হেটে কলেজে যেতাম। কোন খরচ লাগতো না। এখন সাকো ভেঙ্গে যাওয়ায় প্রায় ১ কিলোমিটার রাস্তা হেটে যেতে হয়। এরপর ভ্যানে করে কলেজে যায়। এতে করে প্রতিদিন কলেজে যেতে ৪০/৫০ টাকা খরচ হয়। যা আমাদের পক্ষে বহন করা অসম্ভব।
এছাড়া পায়ে হাটা রাস্তা দিয়ে যাবার সময় আমরা নিরাপত্তাহীনতায়

ভুগছি ।

কারন হিসেবে তারা বলেন, ওই রাস্তার পুরোটাই মাঠ। এতে করে আমাদের অভিভাবকরা কলেজে পড়ানো নিয়ে ও সংশয়ে আছে। আমরা সাঁকো মেরামত সহ এর স্থায়ী সমাধানের জন্য সংশ্লিষ্টদের আশু হস্তক্ষেপ কামনা করছি।

ওই কলেজের অধ্যক্ষ আব্বাস আলী বলেন, এ কলেজে মোট ৩১ জন ছাত্র-ছাত্রী সাঁকো পার হয়ে পড়তে আসেন। যার মধ্যে একাদশ শ্রনীর ১২ জন,দ্বাদশে ৭ জন,৫ জন ডিগ্রী আর ৭ জন কারিগরি শাখার। এ ছাড়া পাশের মাধ্যমিক বিদ্যালয়েও ১০/১২ জন ছাত্র/ছাত্রী আসেন বলে জেনেছি। সাঁকো ভেঙ্গে যাওয়ায় তারা বিপাকেই পড়েছেন।

তিনি বলেন,আমি সাঁকো মেরামতের জন্য, আমার কলেজের শিক্ষকদের কাছে কিছু আর্থিক সহায়তা চেয়েছি। তারা দিলে এ মাসের মধ্যে তাদের সাঁকো মেরামতের কাজটি করার চেষ্টা করবো। অন্য কোথাও কোন সহায়তা চেয়েছেন কিনা,এমন প্রশ্নে তিনি বলেন,না আমি বিষয়টি নিয়ে তেমন কাউকে বলিনি।

ঝিনাইদহ সদর উপজেলার মধুহাটি ইউনিয়নের চেয়ারম্যান আলতাফ পারভেজের বলেন,আমি সাঁকো ভেঙ্গে পড়ার ঘটনা শুনেছি। আমি ওই এলাকার মানুষদের আমার কাছে আসার জন্য,গিয়ে বলে এসেছি। তারা আমার সঙ্গে কেউ কোন যোগাযোগ করেনি। বিষয়টি নিয়ে কাজ করার ইচ্ছে আমার আছে। ইতোমধ্যে আমি এ ঘটনাটি উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপন ও করেছি।তিনি বাইরে থাকায় কাজ শুরু করা সম্ভব হয়নি।

কোটচাঁদপুরের কুশনা ইউনিয়ন চেয়ারম্যান শাহাদুজ্জামান সবুজ বলেন,খবর পেয়ে আমি এলাকায় গিয়েছিলাম। সাঁকো মেরামতের উদ্যেগ নিতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট কাউকে জানানো হয়েছে কিনা,এমন প্রশ্নে তিনি বলেন, না তেমন কাউকে বলা হয়নি।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ বলেন, আমি জানতাম না। এখন জানলাম। আমি এলাকায় যাবো। খোঁজ খবর নিয়ে দেখি কি করা যায়।